কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

SIRD SCHOOL OF AGRICULTURE AND RURAL DEVELOPMENT

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# BANGLADESH OPEN UNIVERSITY

## কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল (সার্ড)

## ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

১ম সিমেস্টার, ২৬১ টার্ম (জানুয়ারি-জুন, ২০২৬)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর **কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল** (সার্ড) পরিচালিত ০৩ (তিন) বছর মেয়াদি ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড) প্রোগ্রামে ২৬১ টার্মে (জানুয়ারি-জুন, ২০২৬) ১ম সিমেস্টারে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীকে বাউবি'র Online services and payment system (OSAPS)-এর ওয়েবসাইট https://osapsnew.bou.ac.bd এর মাধ্যমে আবেদন করতে হবে।

### ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা

**এইচএসসি** (বিজ্ঞান/কৃষিশিক্ষা বিষয়সহ যে-কোনো গ্রুপ) অথবা **কৃষি ডিপ্লোমা**/সমমানের সার্টিফিকেটধারী এবং ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.০ (দুই) প্রাপ্ত হতে হবে।

### আসন সংখ্যা (প্রতি স্টাডি সেন্টার) : ৮০ টি।

### আবেদন ও ভর্তির সময়সীমা

অনলাইনে বাউবি'র OSAPS (https://osapsnew.bou.ac.bd) এর মাধ্যমে **আগামী ২১ আগস্ট, ২০২৬ তারিখ পর্যন্ত (বর্ধিত তারিখ)** একই সাথে আবেদন ও ভর্তি কার্যক্রম সম্পন্ন করা যাবে। উল্লেখ্য, উক্ত সময়সীমার মধ্যে স্টাডি সেন্টার ভিত্তিক নির্ধারিত আসন (৮০টি) পূরণ না হওয়া পর্যন্ত ন্যূনতম যোগ্যতাসম্পন্ন প্রার্থী আগে আসলে আগে ভর্তির সুযোগ পাবেন।

### আবেদনপত্রসহ মোট ভর্তি ফি

আবেদনপত্র বাবদ ২০০/- (দুইশত) টাকাসহ মোট ৫৬৮৫/- (পাঁচ হাজার ছয়শত পঁচাশি) টাকা সংশ্লিষ্ট সেমিস্টারের ভর্তি ফি হিসেবে OSAPS-এ online payment gateway (Bkash/DBBL/Sonali payment gateway) এর মাধ্যমে জমা দিতে হবে। আনুষাঙ্গিক চার্জ আবেদনকারী বহন করবেন।

### অনলাইনে আবেদন ও ভর্তি প্রক্রিয়া

- যে কোন ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করতে হবে। Admission সেকশন এর অধীনে School of Agriculture and Rural Development-এ ক্লিক করে Bachelor of Agricultural Education (BAgEd) প্রোগ্রামের পাশে প্রদর্শিত নির্দেশনাবলী (View Circular) গুরুত্ব সহকারে পড়ে Apply Now বাটনে ক্লিক করতে হবে। অনলাইন আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300×300 pixel, jpg format) এবং স্ক্যান করা স্বাক্ষর (300×100 pixel, jpg format) আপলোড করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ শেষে Finish বাটনে ক্লিক করতে হবে। সঠিকভাবে ফরম পূরণ শেষে মোবাইলে SMS এবং প্রদত্ত ইমেইলে Temporary User ID এবং Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway (Bkash, DBBL এবং Sonali Payment Gateway) সমূহ থেকে যে-কোনো একটির মাধ্যমে ফি জমা দিতে হবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ স্ক্রিনে প্রদর্শিত হবে এবং এসএমএস ও প্রদত্ত ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- অনলাইনে ভর্তির ক্ষেত্রে কোন সমস্যা হলে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে OSAPS-এর হেল্পলাইন নম্বরে অবহিত করতে হবে। প্রয়োজনে আইসিটি হেড, আইসিটি ইউনিট, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি, গাজীপুর-১৭০৫ বরাবর আবেদন করা যাবে। Online-এ ভর্তির আবেদন করার ১৫ (পনের) কার্যদিবসের পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- Temporary User ID এবং Password দিয়ে লগইন করে Print Profile বাটনে ক্লিক করে প্রোফাইলটি প্রিন্ট করতে হবে এবং Payment Information-এর Print বাটনে ক্লিক করে পেমেন্ট স্লিপটি প্রিন্ট করতে হবে। এগুলোর সাথে প্রযোজ্য ক্ষেত্রে সকল শিক্ষাগত যোগ্যতার ও অন্য সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মসনদ আবেদন করার পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।
- আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় তথ্য ও মূল সনদ-সমূহ যাচাই-বাছাইপূর্বক ভর্তির জন্য মনোনীত প্রার্থীকে Online-এ Approve করার মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।

OSAPS হেল্পলাইন: ০১৯০৭৪৫১৬১২, ০১৬১৮৯৭৭২৩৭; সময়: সকাল ৮:৩০ হতে বিকেল ৩:৩০ পর্যন্ত (সোমবার থেকে শুক্রবার)।

### অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন

- বিএজিএড প্রোগ্রামে ২৫২ টার্ম (২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সিমেস্টার) ও তৎপূর্ববর্তী টার্মে অধ্যয়নরত শিক্ষার্থীগণ ২৬১ টার্মে ১ম, ৩য় ও ৫ম সিমেস্টারের রেজিস্ট্রেশন প্রক্রিয়া **আগামী ২১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত (বর্ধিত তারিখ)** নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে অনলাইনে বাউবি'র OSAPS এর মাধ্যমে সম্পন্ন করতে পারবেন।

## টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা

- ভর্তি ও রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাসসমূহ (ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ: ১১/০৯/২০২৬) বাউবি'র ওয়েব সাইটে প্রকাশিত 'টিউটোরিয়াল ক্লাস রুটিন' অনুযায়ী সার্ড নির্ধারিত স্টাডি সেন্টারসমূহে সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার) অনুষ্ঠিত হবে।
- সিমেস্টারভিত্তিক ফাইনাল পরীক্ষাসমূহ 'পরীক্ষার রুটিন' অনুযায়ী সাপ্তাহিক ছুটির দিনগুলোতে (শুক্রবার ও শনিবার) বাউবি'র সার্ড নির্ধারিত স্টাডি সেন্টার/পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

## স্টাডি সেন্টারের তালিকা

- নিম্নবর্ণিত স্টাডি সেন্টারসমূহে ২৬১(জানুয়ারি-জুন, ২০২৬) টার্মে ১ম সিমেস্টারে নতুন শিক্ষার্থী ভর্তি করা হবে।

| ক্রম. | স্টাডি সেন্টারের নাম ও ঠিকানা | বাউবি'র আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও ফোন/মোবাইল নম্বর |
|---|---|---|
| ১ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরেবাংলা নগর, ঢাকা | Laila Easmin, DD, RC, Dhaka, Mob: 01778950771 |
| ২ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরপুর | Md. Abu Bakar Siddique, AD, SRC, Sherpur, Mob: 01716892537 |
| ৩ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), তাজহাট, রংপুর | Md. Tanzidul Islam, AO, RC, Rangpur, Mob: 01717948050 |
| ৪ | হাজী মো: দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর | Md Belal Hossain, AD, SRC, Dinajpur, Mob:01712490523 |
| ৫ | যুব প্রশিক্ষণ কেন্দ্র, তিনমাথা, রেলগেট, বগুড়া | Dr. Md. Jahangir Alam, DRD, RC, Bogura, Mob: 01712692118 |
| ৬ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), গাইবান্ধা | Md. Zakir Hossain, SO, SRC, Gaibandha, Mob: 01716130663 |
| ৭ | APPT বিভাগ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর | Farida Pervin, DRD, RC, Jashore, Mob: 01921157015 |
| ৮ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ঈশ্বরদী, পাবনা | Md. Aynul Haque, JD, SRC, Pabna, Mob: 01711588201 |
| ৯ | CST বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | Umme Salma Nazifa, DRD, RC, Rajshahi, Mob:01793549001 |
| *১০ | চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (CVASU), খুলশী, চট্টগ্রাম | Md. Arif Ullah, AD, RC, Chattogram, Mob: 01716253788 |
| ১১ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), খাদিমনগর, সিলেট | Nur-A-Alam, AD, RC, Sylhet, Mob: 01818934815 |
| ১২ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), দৌলতপুর, খুলনা | Md. Mahbubar Rahman, Section Officer, RC, Khulna, Mob: 01913767421 |
| ১৩ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ফরিদপুর | Faruk Ahmed AD, RC, Faridpur, Mob: 02478802081, 01717064930 |
| ১৪ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), রহমতপুর, বরিশাল | Muhammad Golam Mowla, AD, RC, Barishal, Mob:01618117424, 01718117424 |
| ১৫ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), বেগমগঞ্জ, নোয়াখালী | Mohammed Habib Ullah, DRD, SRC, Noakhali, Mob: 01818167266 |
| ১৬ | কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শিমুলতলী, গাজীপুর। | Zuthika Rani Mondol, Ad, SRC, Gazipur, Mob: 01766095568 |

* চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (CVASU) স্টাডি সেন্টারের নির্ধারিত আসন সংখ্যা (৮০টি) পূর্ণ হয়েছে।

## শিক্ষার্থীর ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল

ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাগজপত্র ভুয়া প্রমাণিত হলে যে-কোনো সময় ভর্তিকৃত শিক্ষার্থীর ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## ওয়েবসাইট লিংক ও পরামর্শ

- ভর্তি, ক্লাস, পরীক্ষা ও প্রোগ্রাম সংক্রান্ত প্রয়োজনীয় যে কোনো তথ্যের জন্য বাউবি'র **ওয়েবসাইট** (www.bou.ac.bd) ভিজিট করুন.।
- এছাড়াও প্রয়োজনে বাউবি'র আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রোগ্রাম সমন্বয়কারীর সাথে যোগাযোগ করুন।
- অনলাইনে ভর্তির আবেদন/রেজিস্ট্রেশন প্রক্রিয়া সংক্রান্ত পরামর্শ/অভিযোগের জন্য কল করুন : ০১৯০৭৪৫১৬১২, ০১৬১৮৯৭৭২৩৭; সময়: সকাল ৮:৩০ হতে বিকেল ৩:৩০ পর্যন্ত (সোমবার থেকে শুক্রবার)।
- বিশেষ প্রয়োজনে প্রোগ্রাম সমন্বয়কারী মোঃ ইবনে সিয়াম জয় (০১৭৪১৮৯৫১৯৬) এবং প্রোগ্রাম সহ-সমন্বয়কারী মোঃ মোরছালিনুর রশিদ (০১৭১০৯৯৩৩৬৯) এর সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।

অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম
সভাপতি, ভর্তি কমিটি, বিএজিএড প্রোগ্রাম
১ম সিমেস্টার, ২৬১ টার্ম (জানুয়ারি-জুন, ২০২৬)
ও
ডিন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল (সার্ড)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫
ফোন: ০২-৯৯৬৬৯১১১০(অফিস)